# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কোনো একজন সাহাবীকে অথবা মু’মিন জননীদের কাউকে গালি দেয় তার শাস্তি কি?

উত্তর: বল, তার শাস্তি হচ্ছে লা‘নত এবং আল্লাহর রহমত থেকে দূরীভূত ও বিতাড়িত করা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যে আমার সাহাবীদের গাল-মন্দ করে, তার ওপর ফিরিশতা ও সকল মানুষের লা‘নত”। হাদীসটি তাবরানী বর্ণনা করেছেন। যে কোনো সাহাবী রাদিয়াল্লাহু আনহুম অথবা মু’মিন জননীদের কাউকে গাল-মন্দ করে, দায়িত্বশীল ও বিশেষ সংস্থার ব্যক্তিবর্গের ওপর ওয়াজিব হলো শিক্ষা দেওয়ার জন্য তাকে কঠিন শাস্তি প্রদান করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10024

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন